



## শিশুদের নিরাপত্তাহীনতা জাতির জন্য লজ্জার: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান বলেছেন, একটি দেশে যদি শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা না যায়, তাহলে তা জাতি হিসেবে গভীর ব্যর্থতার পরিচয় বহন করে।

মঙ্গলবার (২ জুন) সিলেটের সোনাতলা গ্রামে ধর্ষণ ও হত্যার শিকার শিশু ফাহিমার পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করে তিনি এসব কথা বলেন। এসময় শোকাহত পরিবারকে সাহায্য দেয় এবং জামায়াতের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

ডা. শফিকুর রহমান বলেন, দেশে শিশু নির্যাতন ও হত্যার ঘটনায় দ্রুত এবং দৃষ্টান্তমূলক বিচার নিশ্চিত করা গেলে অপরাধ প্রবণতা অনেকাংশে কমে আসত। বিচারহীনতার সংস্কৃতিই এমন ভয়াবহ অপরাধকে উৎসাহিত করছে বলেও মন্তব্য করেন তিনি।

সাম্প্রতিক জাতীয় পরিস্থিতি নিয়েও কথা বলেন জামায়াত আমীর। দেশে হামের বিস্তার ও শিশু মৃত্যুর ঘটনায় তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, এ পরিস্থিতির দায় শুধু আগের অন্তর্বর্তী প্রশাসনের নয়, বর্তমান সরকারেরও রয়েছে। সময়মতো কার্যকর পদক্ষেপ নেওয়া হলে এত প্রাণহানি এড়ানো সম্ভব হতো বলেও মন্তব্য করেন তিনি।